| 4. | Apparel Textile Sourcing Canada (ATSC), Toronto, Canada 14-16 September, 2021 | Participated | 02 | 02 | 00 | .01 | .01 |
| 5. | Guangdong 21st Century Maritime Silk Road International Expo International Cooperation and Exchange Area 2021, China, 24-26 September, 2021 | Participated | 06 | 06 | 00 | 00 | 00 |
| 6. | Dubai Expo-2020 01 October, 2021 to 31 March, 2022 | Participated | 00 | 00 | 00 | 00 | 00 |
| 7. | Anuga Food Fair 2021, Germany 09-13 October, 2021 | Participated | 07 | 07 | 00 | 1.5 | 1.5 |
| 8. | India International Trade Fair(IITF), New Delhi, India 14-27November, 2021 | Participated | 05 | 05 | 00 | .1 | .10 |
| 9. | International Apparel & Textile Fair, Dubai, UAE | Participated | 23 | 23 | 00 | .1 | .10 |
| 10. | India International Mega Trade Fair, Kolkata, India 17 December, 2021 to 02 January, 2022 | Participated | 27 | 27 | 0.34 | 0.44 | 0.78 |
| 11. | Texworld (and The International Apparel Sourcing Show), France 07-09 February, 2022 | Participated | 06 | 06 | 00 | 1.00 | 1.00 |
| 12. | Men's Apparels Guild In California (MAGIC), Las Vegas, USA 13-16 February, 2022 | Participated | 10 | 10 | 1.15 | 34.55 | 35.7 |
| 13. | Gulfood, Dubai, UAE 13-17 February, 2022 | Participated | 48 | 48 | 00 | 76 | 76 |
| 14. | Internaitonal Healthcare, Medical & Pharma Exhibition "Ethio Health 2022)", Ethiopia, 03-05 March, 2022 | Participated | 10 | 10 | 0.05 | 1.00 | 1.05 |
| 15. | SIAL Canada 20-22 April, 2022 | Participated | 04 | 04 | 02.00 | 05.00 | 07.00 |
| 16. | Seafood Expo Global-2021 Barcelona, Spain, 26-28 April, 2022 | Participated | 09 | 09 | 06.00 | 12.8 | 18.80 |
| 17. | Nepal Chamber Expo 2022, Nepal 16-20 June, 2022 | Participated | 32 | 32 | 0.05 | 0.10 | 0.15 |
| 18. | 21-24 June, 2022 | Participated | 04 | 04 | 01.10 | 2.00 | 3.1 |
| 19. | Heimtextil-2022, Frankfurt, Germany 21-24 June, 2022 | Participated | 06 | 05 | .50 | 1.00 | 1.50 |
| 20. | 12th Malaysia Gifts Fair, Malaysia. 22-24 June, 2022 | Participated | 08 | 08 | .30 | .80 | 1.10 |
| | | **Total:** | 228 | 227 | 11.49 | 136.71 | 148.20 |



Honorable Prime Minister visiting Bangladesh pavilion at World Expo 2020 Dubai, UAE

বাণিজ্য মন্ত্রণালয়ের সার্বিক সহায়তায় রপ্তানি উন্নয়ন ব্যুরো গত ০১ অক্টোবর, ২০২১ হতে ৩১ মার্চ, ২০২২ সময়কালে দুবাই-এর সংযুক্ত আরব আমিরাতে ছয় মাস ব্যাপী অনুষ্ঠিত এক্সপো দুবাই শীর্ষক থিম্যাটিক প্রদর্শনীতে অংশগ্রহণ করে। বাংলাদেশ প্রথমবারের মতো নিজস্ব ডিজাইনে ইন্টারিওর ডেকোরেশন করে রেন্টেড প্যাভিলিয়নের মাধ্যমে দেশের সংস্কৃতি, ঐতিহ্য, ইতিহাস, মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও বাংলাদেশ, পর্যটন, অবকাঠামো, মেগা প্রকল্প, পরিপ্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), ডেল্টা প্ল্যানসহ দেশের সার্বিক উন্নয়ন চিত্র ডিজিটাল ফরমেটে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আগত দর্শনার্থীদের নিকট যথাযথভাবে উপস্থাপন করে দেশের ইতিবাচক ভাবমূর্তি তৈরী করা হয়েছে। এছাড়া, দৃষ্টিনন্দন ডিজাইনে তৈরী প্রদর্শনীর জন্য নির্ধারিত স্থানে পরিবেশবান্ধব পণ্য এবং দেশের প্রধান প্রধান রপ্তানি পণ্য প্রদর্শন করা হয়। বাংলাদেশে সরাসরি বিদেশী বিনিয়োগ (এফডিআই) আকৃষ্ট করতে এবং বাংলাদেশে রপ্তানি বাণিজ্য বাড়াতে বাংলাদেশ প্যাভিলিয়নে এক্সপো-কালিন বিনিয়োগ ও বাণিজ্যের উপর আলোকপাত করে বিভিন্ন বিষয়ভিত্তিক সেমিনার আয়োজন করা হয়। আমাদের সংস্কৃতি ও ঐতিহ্য তুলে ধরে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ জাতীয় দিবসের আয়োজন করা হয়েছিল। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৮ই মার্চ ২০২১ এক্সপো ২০২০ দুবাই এ বাংলাদেশ প্যাভিলিয়ন পরিদর্শন করার পাশাপাশি নারী দিবস উপলক্ষে একটি অধিবেশনে যোগ দেন। এক কথায় বলতে গেলে বাংলাদেশের নব ভাবমূর্তি তৈরীর ক্ষেত্রে এক্সপো ২০২০ দুবাই, ইউ এ ই  একটি অনবদ্য ভূমিকা পালন করেছে ।

Export Promotion Bureau (EPB) with the assistance of Ministry of Commerce Participated in the Six Month Long Expo 2020 Dubai, UAE held from 01 October 2021 to 31 March 2022. Bangladesh first time in its kinds participated with a rented pavilion focusing on the culture, heritage, history, liberation war, Bangabandhu and Bangladesh, Tourism, Infrastructure, Mega projects, Perspective Plan, Delta Plan as well as the overall development of Bangladesh in digital format to create positive image of the country before the visitors. In addition, environment-friendly products and the major exportable items of Bangladesh were showcased on the wonderfully designed platform designated for showcasing the exhibits. Different subject-wise seminars focusing on investment and trade were organized during the expo period in the Bangladesh pavilion to attract Foreign Direct Investment (FDI) and enhance export trade of Bangladesh. Bangladesh National Day was organized on 16 December 2021 highlighting our culture and heritage. The honorable Prime Minister visited the Bangladesh Pavilion and attended a session on the occasion of Women's Day on 8th March 2021. So to speak, The Expo has played a great role in creating a new brand image of Bangladesh.

## তথ্য ও প্রকাশনা বিভাগ

তথ্য ও প্রকাশনা বিভাগ রপ্তানি উন্নয়ন ব্যুরো জনসংযোগমূলক কার্যক্রম সম্পন্ন করে থাকে। দেশে-বিদেশে ব্যাপক প্রচারণার লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো রপ্তানি বিষয়ক বিভিন্ন প্রকার প্রকাশনা মুদ্রণ করে থাকে। মুদ্রিত প্রকাশনাসমূহ বাংলাদেশ মিশন, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সরকারি দপ্তর, জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্য প্রতিষ্ঠান, ট্রেড এসোসিয়েশন, শিল্প ও বণিক সমিতি, সেক্টর কর্পোরেশন ও নেতৃস্থানীয় রপ্তানিকারকদের মাঝে বিতরণ করা হয়। বাংলাদেশী পণ্যের প্রধান প্রধান বাজারে অগ্রাধিকারমূলক তথ্য সম্বলিত ব্রশিউর মুদ্রণ ও বিতরণ করা হয়। বাংলাদেশ হতে রপ্তানিকৃত পণ্যের বাজার প্রবেশ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে বিভিন্ন ধরনের ফরমও মুদ্রণ করা হয়।

**২০২১-২০২২ অর্থ বছরের মুদ্রিত প্রকাশনাসমূহ নিম্নরূপঃ**

১. রপ্তানি পরিসংখ্যান ২০২০-২১ মুদ্রণ;

২. পকেট রপ্তানি পরিসংখ্যান-২০২০-২১ মুদ্রণ;

৩. বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ মুদ্রণ;

৪. দি সিকিউরিটি প্রিন্টিং করর্পোরেশন (বাংলাদেশ) লিঃ গাজীপুর হতে ১৭০০০০ (এক লক্ষ সত্তর হাজার) সেট জিএসপি ফরম মুদ্রণ;

৫. দি সিকিউরিটি প্রিন্টিং করর্পোরেশন (বাংলাদেশ) লিঃ গাজীপুর হতে ১৫,০০০ (পঞ্চাশ হাজার) সেট সাফটা সি.ও ফরম মুদ্রণ;

৬. দি সিকিউরিটি প্রিন্টিং করর্পোরেশন (বাংলাদেশ) লিঃ গাজীপুর হতে ১০,০০০ (দশ হাজার) সেট কোরিয়া সি.ও ফরম মুদ্রণ;

৭. দি সিকিউরিটি প্রিন্টিং করর্পোরেশন (বাংলাদেশ) লিঃ গাজীপুর হতে ৫,০০০ (পাঁচ হাজার) সেট চিলি সি.ও ফরম মুদ্রণ;

৮. বস্ত্র বিভাগ এবং নন-টেক্সটাইল (নীতি ও পরিকল্পনা বিভাগ) পণ্য রপ্তানির জন্য নিবন্ধন সনদ মুদ্রণ;

৯. বিভিন্ন রপ্তানি পণ্যের উপর পোষ্টার এবং ব্রোশিউর মুদ্রণ;

১০. ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২২ উপলক্ষ্যে সুভ্যেনির মুদ্রণ;

১১. সিআইপি কার্ড প্রদান অনুষ্ঠান উপলক্ষে সিআইপি কার্ড, আমন্ত্রণ পত্রের খাম, সার্টিফিকেট, আমন্ত্রণ পত্র ও অনুষ্ঠানসূচি মুদ্রণ;

১২. জাতীয় রপ্তানি ট্রফি প্রদান উপলক্ষ্যে খাম, আমন্ত্রণ পত্র, আমন্ত্রণ পত্রের খাম, সার্টিফিকেট ও অনুষ্ঠানসূচী মুদ্রণ;

১৩. গাল্‌ফ ফুড দুবাই-এ অংশগ্রহণ সংক্রান্ত ব্রোশিউর মুদ্রণ;

## Information and Publication division

Information and Publication Division performs the public relation activities of Export Promotion Bureau. Export Promotion Bureau publishes different types of publications on export for effective & wide publicity of exportable both at home and abroad. Printed materials are sent to Bangladesh missions abroad, concerned Ministries, Government departments, national and international trade associations, chambers, sector corporations and leading exporters. In addition, various types of Forms are printed for the use of the exporters. Brochures containing information on access to major markets for Bangladeshi products are printed and distributed. Different types of forms are also printed on the preferential market access for products exported from Bangladesh.

**List of publications printed during the FY 2021-2022 are given below:**

1. Export Statistics Book for the FY 2020-2021;

2. Pocket Export Statistics Book for the FY 2020-2021;

3. Annual Report for the FY 2020-2021;

4. GSP Form of 170000 (One Lac Seventy Thousand) set printed from The Security Printing Corporation (BD) LTD, Gazipur;

5. SAFTA C.O Forms of 15,000 (Fifteen Thousand) set printed from The Security Printing Corporation (BD) LTD, Gazipur;

6. Korea C.O Forms of 10,000 (Ten Thousand) set printed from The Security Printing Corporation (BD) LTD, Gazipur;

7. Chile C.O Forms of 5, 000 (Five Thousand) set printed from The Security Printing Corporation (BD) LTD, Gazipur;

8. Registration forms for Textile & Non Textile (Policy & Planning ) Division;

9. Poster and brochures printed on various exportables;

10. 1500 copies of souvenirs have been printed on the occasion of DITF-2022;

11. Printed invitation card, CIP cards, envelopes, cerfificates, programme schedule etc on the occasion of CIP cards awarding Ceremony;

12. Printed envelopes and invitation cards, certificates for National Export Trophy awarding ceremony;

13. Printed brochures of Galfood Fair;

## বাণিজ্য তথ্য কেন্দ্র (টিআইসি)

রপ্তানি প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করতে  রপ্তানি উন্নয়ন ব্যুরোর বাণিজ্য তথ্য কেন্দ্র (টিআইসি) ১৯৬৩ সাল থেকে কাজ করে আসছে। ২০০৭ সালে পূর্নগঠনের পর থেকে টিআইসি তথ্য প্রযুক্তির আধুনিক সুযোগ-সুবিধাসহ নলেজ সেন্টার ও সেন্টার অব এক্সিলেন্স হিসেবে কাজ করে আসছে। জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত তথ্য সংগ্রহ,  সংরক্ষণ ও বিতরণ করা বাণিজ্য তথ্য কেন্দ্রের মূখ্য কাজ। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস ও পণ্য ক্রেতার নিকট হতে সরাসরি প্রাপ্ত আমদানী সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও বিভিন্ন চেম্বার, এসোসিয়েশন ও রপ্তানিকারকদের মধ্যে বিতরন করা হয়ে থাকে। তথ্য কেন্দ্রটি ক্রেতা ও রপ্তানিকারকের মাঝে তথ্য সেতুবন্ধন হিসেবে কাজ করে।

রপ্তানিকারক, ব্যবসায়ী, সাংবাদিক, গবেষক, শিক্ষক, এবং বাণিজ্য বিষয়ের বিভিন্ন ছাত্রছাত্রীগণ বাণিজ্য সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি সংগ্রহের জন্য ব্যুরোর বাণিজ্য তথ্য কেন্দ্র নিয়মিতভাবে পরিদর্শন করে এবং জ্ঞান আহরণ করেন। প্রতিবেদনাধীন সময়ে (২০২১-২০২২) প্রায় ৩৬৫০ জন ভিজিটর তথ্যকেন্দ্র পরিদর্শন করেছেন।

### এক নজরে টিআইসি'র সেবাসমূহঃ

- ✓ ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার সেবা
- ✓ ম্যাগাজিন/সাময়িকী/পত্রিকা ও বইয়ের বিশাল সম্ভার
- ✓ রপ্তানিকারকদের চাহিদা সম্বলিত 'ট্রেড ইনকোয়েরি প্রচার
- ✓ পণ্য ও দেশভিত্তিক রপ্তানিকারক ও আমদানিকারদের তালিকা সংরক্ষণ
- ✓ রপ্তানিকারক ও আমদানিকারকদের বাণিজ্য সম্পর্কিত বিভিন্ন তথ্য প্রদান
- ✓ রপ্তানি সংক্রন্ত বিভিন্ন ধরনের তথ্যসমূহের সিডি/ডিভিডি সংগ্রহ
- ✓ রপ্তানি বাণিজ্য সংক্রান্ত দৈনিক পত্রিকার ক্লিপিংস রেফারেন্স হিসেবে ব্যবহারের উদ্দেশ্যে সুশৃঙ্খলভাবে সংরক্ষণ

বাজার গবেষণার জন্য আইটিসি মার্কেট অ্যানালাইসিস টুলস (ট্রেড ম্যাপ, প্রোডাক্ট ম্যাপ, মার্কেট অ্যাক্সেস ম্যাপ, ট্রেড ইনভেস্টমেন্ট ম্যাপ ও ট্রেড কমপিটেটিভনেস ম্যাপ) ব্যবহারের জন্য রপ্তানিকারকবৃন্দকে উৎসাহিতকরণ।

**টিআইসি মূলতঃ** দুই ধরনের সেবা প্রদান করে থাকে। এর সমৃদ্ধ লাইব্রেরী থেকে একজন ভিজিটর মৌলিক তথ্যসমূহ পেতে

## Trade Information Centre (TIC)

The Trade Information Centre (TIC) of  EPB started its journey since 1963 with an aim to became a Centre of Excellence and Knowledge with modern facilities of information technology after the renovation and refer basement was done in line with modern concept in 2007. Information collection on international and domestic trade and dissemination and recording is one of the important tasks of TIC. Import information received directly from Bangladesh Embassy abroad and from foreign buyers is stored and disseminated among various chambers, associations and exporters.TIC is mainly playing a role as builds bridge between buyers & exporters.

Exporters, Businessmen, researchers, teachers, students of various universities and journalists are the regular visitors/users/clients and visits TIC frequently for the upgraded services. During the year 2021-2022, about 3650 users visited the Centre for collecting trade related information.

### TIC Services at a Glance:

- ✓ Computer services with internet facilities.
- ✓ Wide range of magazines/periodicals/journals and books
- ✓ Publicity of trade inquiries as per the demands of exporters
- ✓ Product and country wise exporter & importer lists are preserved
- ✓ Provide trade related information to exporters and Importers
- ✓ A wide range of CD/DVD collection on export information
- ✓ Effective and systematic news clippings from national daily newspapers are preserved for using as secondery data

To encourage exporters to use five ITC Market Analysis Tools: Trade Map, Product Map, Market Access Map, Trade Investment Map and Trade Competitiveness Map for market research.

TIC provides two different types of services from which one visitor may have the access to basic

পারেন এবং অনলাইন সেবাসমূহ থেকে সাম্প্রতিক তথ্য ও অন্যান্য সেবা গ্রহণ করতে পারেন।

**লাইব্রেরী সেবাসমূহ:** লাইব্রেরী সেবাসমূহের মাঝে উল্লেখযোগ্য সেবা সমূহ যথা:

✓ রপ্তানি তথ্য প্রদান/কনসালটেশন;

✓ লাইব্রেরির বইসমূহ, রিপোর্ট, জার্নাল-ম্যাগাজিন তথা বিভিন্ন হার্ডকপি দ্বারা সেবা প্রদান;

✓ দেশের জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বাণিজ্য সংক্রান্ত তথ্যসমূহের ক্লিপিংস সংগ্রহ ও এগুলো থেকে বিভিন্ন তথ্য উপাত্ত গবেষণা ও অন্যান্য কাজে ব্যবহার ইত্যাদি।

## ■ লাইব্রেরীর সংগ্রহশালা

বাণিজ্য তথ্য কেন্দ্র একটি লাইব্রেরী পরিচালনা করে যেখানে প্রচুর পরিমানে প্রকাশনা, যেমন- বই/পত্র-পত্রিকা/ প্রতিবেদন/সাময়িকী আর্ন্তজাতিক বাণিজ্য বিষয়ক বিভিন্ন ধরনের পুস্তিকা, ট্যারিফ সিডিউল বিষয়ক প্রকাশনাসহ মহান মুক্তিযুদ্ধের উপর রচিত গ্রন্থাবলি সংরক্ষিত আছে। বর্তমানে ২০১ টি দেশী ও বিদেশী পত্র-পত্রিকা/সাময়িকীসহ ৪৮২৫ প্রকাশনা সংরক্ষিত রয়েছে।

টিআইসি' তে বর্তমানে সংরক্ষিত বইসমূহের ধরণ হলো: রপ্তানি নির্দেশিকা; বাণিজ্য সংক্রান্ত বই; হার্মনাইজড কমোডিটি ডেসক্রিপশন এন্ড কোডিং সিস্টেম; ট্রেড ডিরেক্টরী- ইমপোর্টার ও এক্সপোর্টার ; বার্ষিক প্রতিবেদন; বিভিন্ন মেলার উপর প্রতিবেদন; সিবিআই মার্কেট সার্ভে; ইয়েলো পেজ; পণ্যভিত্তিক প্রতিবেদন/গবেষণাপত্র; পরিসংখ্যান–ইপিবি এক্সপোর্ট স্টাটিসটিক্স, ইমপোর্ট পেমেন্টস এবং এক্সপোর্ট রিসিপ্টস, ফরেন ট্রেড স্টাটিসটিক্স; আর্ন্তজার্তিক বিভিন্ন সংস্থা'র প্রকাশনা, যেমন: আইটিসি, সিবিআই, বিশ্ব বাণিজ্য সংস্থা, বিশ্ব ব্যাংক, ইউরোপা ওয়ার্ল্ড ইয়ার বুক, এনসাইক্লোপিডিয়া, হারমোনাইজড সিস্টেম এক্সপ্লানেটরী নোটস ইত্যাদি।

## ■ পত্র-পত্রিকাসমূহ

বাণিজ্য তথ্য কেন্দ্র কর্তৃক সংরক্ষিত পত্র-পত্রিকাসমূহকে তিনটি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে:

❍ স্থানীয় পত্র-পত্রিকাসমূহ: স্পীনার্স নিউজ, পিসি ওর্য়াল্ড বাংলাদেশ; কম্পিউটার জগৎ; শিপিং নিউজ; বেসিস নিউজ এন্ড ভিউ ইত্যাদি;

❍ অ্যাসোসিয়েশন/পণ্যভিত্তিক পত্র-পত্রিকা: বিজিএমইএ নিউজলেটার, নীট বার্তা, ফার্মা ওয়ার্ল্ড, শ্রিম্প এন্ড ফিশ নিউজ, হরটেক্স নিউজ লেটার ইত্যাদি;

❍ আন্তর্জাতিক পত্র-পত্রিকা: দি ইকোনমিস্ট, ইনফোফিশ

information from its rich library and collect desired data/ information from online services.

**Library Services:** Among Library Services the most important ones are:

✓ Export Information/Consultation;

✓ Services using Books, Report, Journals-Magazines etc. of Library;

✓ Collection of news clippings of trade information published on National dailies and uses of those for research or other activities etc.

## ■ Library archives

TIC maintains a Library where large number of publications like books/journals/reports/ periodicals, various pamphlets on international trade, publications on tariff schedules on trade & commerce international trade regulation are available. A total of 4825 publications including 201 Local & Foreign journals/periodicals are kept in the TIC.

In TIC the various kinds of books are: Export Guide; Trade related Books; Harmonized Commodity Description and Coding System ; Fair Reports; Trade directory- Importer & Exporter; Annual Reports; Market Survey Yellow Pages, Reports/Research Papers on Commodities- EPB Export Statistics, Import Payments and Exports Receipts, Foreign Trade Statistics; International Publications: ITC, CBI, WTO, World Bank, Europa World Year Book; Encyclopedia; Harmonized System Explanatory Notes UN Publications etc.

## ■ Journals

The Trade Information Centre has classified its Journals into three parts:

❍ Local Journals: Spinners News, P.C.World Bangladesh; Computer Jogot; Shipping News; BASIS News & View etc;

❍ Association/Products journals: BGMEA news letter, Knit Barta, pharma world, Shrimp & fish news, Hortex news letter etc;

❍ International Journal: Newsweek, Time, Info fish, The Economist, Info fish International etc

ইন্টারন্যাশনাল, সীফুড ইন্টারন্যশনাল নিউজউইক, টাইম ইত্যাদি; বিজনেস উইক সহ অন্যান্য পত্রপত্রিকা: ACAB নিউজ, Midas নিউজ, কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি ইত্যাদি।

❖ রপ্তানি তথ্য প্রদান/ই-মেইল করেসপন্ডিংঃ বাণিজ্য তথ্য কেন্দ্র মূলত: ই-মেইলের মাধ্যমে প্রতিদিন রপ্তানি তথ্য সংক্রান্ত চাহিদা/জিজ্ঞাস্য এর উত্তর প্রদান করে থাকে। বাণিজ্য সংক্রান্ত যে কোন তথ্যের জন্য সেবা গ্রহীতারা সশরীরে বাণিজ্য তথ্য কেন্দ্রে না এসে ই-মেইলের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে পারে।

❖ ইপিবি ওয়েবসাইটে বাণিজ্য তথ্য: ভিজিটরগণ ইপিবি ওয়েবসাইটে ট্রেড ইনফরমেশন সেন্টার লিংক (www.epb.gov.bd/trade information centre) পরিদর্শনের মাধ্যমে বাণিজ্য সংক্রান্ত তথ্য পেতে পারেন। ভিজিটরগণ About TIC & Services, Internet Corner, Paper Clipping, Book Information Software, TIC Advertisement, Useful links, Feedback, Contact ইত্যাদি লিংকের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে পারে।

❖ এক্সপোর্টার্স ডাটাবেজঃ এক্সপোর্টার্স ডাটাবেজে বিভিন্ন পণ্যের রপ্তানিকারকদের কোম্পানী প্রোফাইল সন্নিবেশিত আছে। রপ্তানিকারকদের নিজস্ব কোম্পানী প্রোফাইল প্রদর্শন করার এটি একটি সুবর্ণ সুযোগ, আমদানীকারকগণও সহজে রপ্তানিকারকদের খুঁজে পেতে এই প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারেন।

❖ আইটিসি মার্কেট অ্যানালাইসিস টুলস: WTO/ UNCTAD এর International Trade Centre (ITC) এর পাচঁটি মার্কেট অ্যানালাইসিস টুলস (ট্রেড ম্যাপ, প্রোডাক্ট ম্যাপ, মার্কেট অ্যাক্সেস ম্যাপ, ট্রেড ইনভেস্টম্যান্ট ম্যাপ ও ট্রেড কম্পিটিটিভনেস ম্যাপ) সম্পর্কে বাণিজ্য তথ্য কেন্দ্রে আগত আগ্রহী দর্শণার্থীদের তথ্য প্রদান করা হয় এবং এগুলোর ব্যবহার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করা হয়।

Seafood International; Other Journal: ACAB news, Midas news, Commerce & Industry etc.

❖ Export Information services/E-mail Correspondences: Trade Information Centre generally responses e-mail every day regarding business enquiry and queries related to export. This service helps our visitors to collect information through online rather visiting TIC in person.

❖ Trade Information on EPB website: Visitors can also get information through visiting the Link were of Trade Information Centre on EPB website (www.epb.gov.bd/trade information centre). The information are categorized as: About TIC & Services, Internet Corner, Paper Clipping, Book Information Software, TIC Advertisement, Useful links, Feedback, Contact.

❖ Exporters' Database: Database contains the company profiles of exporters on different products. This is an immense opportunity for exporters to upload their company details. The potential buyers also get an easy platform to locate the desired exporters.

❖ ITC market analysis tools: Trade Information Centre of EPB provides information regarding five Market Analysis Tools (Trade Map, Product Map, Market Access Map, Trade Investment Map and Trade Competitiveness Map) of International Trade Centre (ITC) of WTO/UNCTAD to the interested visitors and to increase awareness of using these tools.



Partial view of Trade information Center (TIC) of EPB

## প্রশাসন ও অর্থ বিভাগ

ব্যুরোর প্রশাসন ও অর্থ বিভাগের কার্যক্রম প্রশাসন ও অর্থ শাখার মাধ্যমে সম্পাদন করা হয়। অন্যান্য বিভাগ/শাখার ন্যায় প্রশাসন ও অর্থ বিভাগ বিভিন্ন প্রকার প্রাতিষ্ঠানিক, অভ্যন্তরীণ ও নাগরিক সেবা প্রদান করে থাকে। প্রশাসন শাখার প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবার মধ্যে উল্লেখযোগ্য হলো- মানব সম্পদ ব্যবস্থাপনা; প্রশাসনিক মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় এবং দপ্তর/অধিদপ্তর/সংস্থার সাথে লিয়াঁজো রক্ষা; স্থাবর- অস্থাবর সম্পত্তি ও নির্মাণ/পূর্ত কাজ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা; বিভিন্ন সভা/সেমিনার আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন তদারকিকরণ; ব্যুরোর কার্যক্রম সংক্রান্ত মাসিক, বাৎসরিক এবং অন্যান্য প্রতিবেদন তৈরি ও প্রেরণ; বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন ও চুক্তিভুক্ত কর্মসমূহ বাস্তবায়ন তদারকিকরণ; ব্যুরোর মামলাসমূহ পরিচালনা; ওয়েবসাইট/ ইন্টারনেট/কম্পিউটার নেটওয়ার্ক/ই-নথিসহ আইসিটি সংক্রান্ত কার্যক্রম; ক্রয় পরিকল্পনা প্রণয়ন এবং বিভিন্ন প্রকার ক্রয় সম্পাদন; অফিস ভাড়া, অফিস নিরাপত্তা, আধুনিক কর্মপরিবেশ সৃষ্টি, এবং বিভিন্ন প্রকার ইউটিলিটি সার্ভিস নিশ্চিতকরণ ইত্যাদি। এছাড়া, ব্যুরোর প্রশাসন শাখার নাগরিক সেবার মধ্যে দেশের সর্ববৃহৎ বাণিজ্যিক ইভেন্ট- ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা- আয়োজন বিশেষভাবে উল্লেখযোগ্য। অপরদিকে অর্থ শাখা কর্তৃক ব্যুরোর অর্থ ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাদি,



Monthly Coordination Meeting



APA Signing Session at EPB Head Office regarding activities for the FY 2021-2022

## Administration & Finance Division

The activities of the Administration & Finance Division of EPB are carried out through the Administration & Finance sections. Like other divisions/sections, the Administration & Finance division renders various types of institutional, internal and citizen services. Institutional and internal services rendered by the Administration section including human resource management; liaison with administrative ministry and other related ministries/departments/ directorates/organizations; maintenance and management of movable and immovable property and construction/construction work; organizing various meetings/seminars and monitoring the implementation of the decisions thereof; preparation and submission of monthly, annual and other reports relating to EPB activities; signing Annual Performance Agreement (APA) and supervision of implementation of agreed activities; legal affairs of EPB; all ICT related activities; formulation of Annual Procurement Plan and execution of procurement accordingly; ensuring office rental, modern working environment, office security and utility services. In addition, organizing the country's largest trade event-Dhaka International Trade Fair - is particularly noteworthy among the citizen services of EPB's administration section. On the other hand, the



Celebration of birth anniversary of Father of the Nation Bangabandhu

যেমন-খসড়া বাজেট প্রণয়ন, সকল প্রকার আয়-ব্যয় ও স্থিতির রেকর্ড সংরক্ষণ, প্রাপ্তি ও পরিশোধ, নিরীক্ষা ইত্যাদি কার্যাবলী সম্পাদন করা হয়। ২০২১-২০২২ অর্থবছরে ব্যুরোর প্রশাসন ও অর্থ বিভাগ কর্তৃক সম্পাদিত উলেখযোগ্য কর্মকান্ডের বিবরণ নিম্নরূপঃ

১. প্রশাসনিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের জন্য Human Resources (HR) Payroll & Accounts Software তৈরিকরণ;

২. মাননীয় বাণিজ্যমন্ত্রীর সভাপতিত্বে গত ২২.০৯.২০২১ তারিখ ব্যুরোর পরিচালনা পর্ষদের ১৪২তম সভা আয়োজন এবং উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ। উলেখ্য, উক্ত সভায় পূর্বাচল নতুন শহরের ৪ নং সেক্টরস্থ বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টার (বিবিসিএফইসি) -এ কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে ০১ জানুয়ারি ২০২২ তারিখ হতে মাসব্যাপী ২৬তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)- ২০২২ আয়োজনের বিষয়টি অনুমোদনের প্রেক্ষিতে ডিআইটিএফ-২০২২ সফলভাবে আয়োজন করা হয়। এছাড়া, উক্ত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকার ই বকের ই-৫/বি নং রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্লটটিতে রপ্তানি উন্নয়ন ভবন নির্মাণের জন্য ডিপিপি চূড়ান্ত করে

functions on financial management are done by Finance section. For instance, preparation of draft budget, record-keeping of all income and expenditures, receipts and payments, auditing etc. are performed by the Finance Section. Following are the major activities as performed by the Administration and Finance Division during FY 2021-2022:

1. Human Resources (HR) Payroll & Accounts Software is designed & ready for use;

2. 142nd Board of Directors' meeting was organized on 22.09.2021 with the Hon'ble Minister, Ministry of Commerce and Chairman of the Board in the chair, and necessary initiatives were taken for implementing decisions thereof. As per decision of 142nd Board of Directors' meeting, 26th Dhaka International Trade Fair (DITF)-2022 was organized successfully at Bangabandhu Bangladesh-China Friendship Exhibition Centre (BBCFEC) at Purbachal. Besides, as per the decision of the meeting, the DPP for construction of Export Promotion House at EPB's plot No. E-5/B at Sher-e-Bangla Nagar administrative area was sent to the Ministry of Commerce for




Celebration of Birth anniversary of Sheikh Russal

বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় যা ইতোমধ্যে চূড়ান্ত অনুমোদন পেয়েছে। শীঘ্রই উক্ত ভবন নির্মাণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করা সম্ভব হবে।

৩. ১২টি মাসিক সমন্বয় সভা সফলভাবে আয়োজন এবং উক্ত সভাসমূহের সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

৪. ব্যুরোর বিভিন্ন শূন্য পদ পূরণের অংশ হিসেবে বিভিন্ন গ্রেডের ২১ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান;

৫. ব্যুরোর সাংগঠনিক কাঠামোভুক্ত সরাসরি নিয়োগযোগ্য ১৩-২০ গ্রেডভুক্ত ২৯ জন কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণ;

৬. রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্মচারি (অবসর ভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০২১-এর খসড়া প্রণয়ন এবং এতে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ;

৭. ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহসহ তুরস্ক, সুইজার ল্যান্ড ও নরওয়ে রপ্তানির ক্ষেত্রে প্রবর্তিত Registered Exporters (REX) szstem-এর আওতায় রপ্তানিকারকগণ কর্তৃক পণ্যের অরিজিন সংক্রান্ত স্টেটমেন্ট (Statement on Origin) মনিটরিং এর জন্য Data Matching Software তৈরিকরণ;

৮. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন, ওয়েব সাইটে প্রকাশ ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য্য সম্পাদনের কার্যক্রম গ্রহণ;

approval which has already been received. It is hoped that effective measures to initiate the implementation the project will Commence shortly.

3. 12 Monthly Coordination Meetings were successfully held and necessary initiatives were taken to implement decisions thereof;

4. As part of filling up vacancies in promotion quota, 21 officials of different grades were promoted to higher positions;

5. All formalities for filling in 29 vacant posts of 13-20 grades through direct recruitment has been completed;

6. Export Promotion Bureau Employees (Retirement Allowance, Retirement Benefits and General Provident Fund) Regulations, 2021 was drafted and received approval on it from the Ministry of Finance;

7. The data-matching software for has been procured monitoring the Statement on Origin is issued by exporters themselves under Registered Exporter (REX) system; introduced by the European Union for exports to its member states and Turkey, Switzerland & Norway.

8. Aiming to improve financial and asset management, Annual Procurement Plan was prepared, uploaded in the website and necessary goods/services were procured accordingly;




Observing National Mourning Day of Father of the Nation Bangabandhu

৯. ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ এবং চুক্তি সম্পাদনপূর্বক ওয়েবসাইটে প্রকাশ। এপিএ বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এপিএ-এর ০৪টি ত্রৈমাসিক প্রতিবেদন তৈরি, মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ; এবং এপিএ বাস্তবায়ন সংশেষে এপিএ টিমের ১২টি মাসিক সভা আয়োজন;

9. Annual Performance Agreement (APA) for FY 2021-2022 was prepared, sent to the Ministry of Commerce, signed and uploaded in the website. With a view to achieving APA implementation target, 04 APA quarterly reports were prepared, sent to the Ministry and uploaded in the website, and 12 monthly meetings of APA team were held as well;

১০. ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) প্রণয়ন, মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ। এনআইএস বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এনআইএস-এর ০৪টি ত্রৈমাসিক প্রতিবেদন তৈরি, মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ; নৈতিকতা কমিটির ০৪টি সভা, শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে ০৪টি মত বিনিময় সভা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণের লক্ষ্যে ০৪টি সভা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ০৪টি সভা, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে ০৪টি সভা, এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণের লক্ষ্যে ০৪টি গণশুনানী আয়োজন;

10. NIS for FY 2021-2022 was prepared, sent to the Ministry of Commerce, and uploaded in the website. With a view to achieving NIS implementation target, 04 APA quarterly reports were prepared, sent to the Ministry and uploaded in the website, 04 meetings of NIS Morality Committee on NIS/best practices, 04 meetings with the stakeholders/ service takers about NIS/best practices, 04 meetings with the stakeholders/ service takers informing about GRS, 04 meetings informing about EPB's promised service delivery (Citizen Charter), 04 meetings on establishing good governance and 04 public hearings on strengthening transparency and accountability of EPB were held as well.

১১. সরকারের ডিজিটালাইজেশন কর্মসূচির আলোকে সর্বাধিক গুরুত্ব দিয়ে ই-নথি ব্যবস্থাপনায় নথি নিষ্পত্তিকরণ;

11. Files/nothi were disposed-off with utmost importance taking into account of the government's digitalization program which is being continued;

১২. ব্যুরোর প্রধান কার্যালয়ের ২৩৪ জন কর্মকর্তা/কর্মচারীর জন্য বিভিন্ন বিষয়ে ১১০ ঘন্টা ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন;

12. As many as 110 hours in-house trainings on various issues were organized where ২34 officials took part;

১৩. দেশের রপ্তানি বাণিজ্য যাতে ক্ষতিগ্রস্থ না হয় সে বিষয় বিবেচনায় নিয়ে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) হতে সুরক্ষার জন্য স্বাস্থ্য-বিধি এবং সরকার কর্তৃক নির্দেশিত সকল প্রকার সতর্কতামূলক ব্যবস্থা অনুসরণপূর্বক নিয়মিত/সীমিত আকারে ব্যুরোর দৈনন্দিন কার্যক্রম পরিচালনার ব্যবস্থাকরণ। এছাড়া, কোভিড-১৯ রোগ মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত প্রস্তাবের আলোকে ব্যুরোর কর্মকর্তা/কর্মচারিগণের স্বাস্থ্য সেবা সংক্রান্ত নির্দেশনাবলী যথাযথভাবে পালনের বিষয় তদারকিকরণ এবং দাপ্তরিক দায়িত্ব পালনরত অবস্থায় ব্যুরোর কর্মকর্তা/ কর্মচারি অসুস্থ হলে তাৎক্ষণিক চিকিৎসা সহায়তা নিশ্চিতকরণার্থে কমিটি গঠন। অধিকন্তু, ২০২১-২০২২ অর্থবছরে কোভিড-১৯ রোগ মোকাবেলায় ব্যুরো কর্তৃক নানাবিধ কার্যক্রম গ্রহণ, যেমন- অফিসের প্রতিটি ফ্লোরে প্রতিদিন জীবানু নাশক স্প্রে করার মাধ্যমে কর্মপরিবেশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা, কোভিড-১৯ রোগের সংক্রমন বিস্তার রোধে সচেতনতামূলক পোস্টার, ব্যানার প্রর্দশন এবং সভা আয়োজন, “নো মাস্ক নো সার্ভিস”, থার্মাল চেকের মাধ্যমে অফিসে প্রবেশ এবং কোভিড-১৯ রোগের বিষয়ে সচেতনতা বৃদ্ধি নিশ্চিতকরণ, পর্যাপ্ত মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ড গাভস, বাথ রুমে লিকুইড সাবানের ব্যবস্থাকরণ, ই-ফাইলের মাধ্যমে দাপ্তরিক কার্যাদি সম্পাদন এবং সভা, সেমিনার, মেলা ইত্যাদি ই-প্লাটফর্মে আয়োজন; বয়স্ক ও প্রসূতী কর্মকর্তা/কর্মচারিদের অফিসে আসা নিরুৎসাহিতকরণ, ব্যুরোর কর্মকর্তা/কর্মচারিগণের কোভিড-১৯ রোগে আক্রান্তের তথ্য নিয়মিত/সাপ্তাহিক ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ ইত্যাদি।

13. Considering that the country's export trade is not hampered even in the COVID-19 pandemic situation, necessary steps were taken to conduct the day-to-day export related activities of EPB in a regular/limited manner following health guidelines and safety measures prescribed by the government for protection from COVID-19 disease. In addition, based on the proposal/ instruction of the Cabinet Division, a committee was formed for ensuring appropriate compliance of the health guidelines/ instructions by the EPB officials, and for ensuring immediate medical assistance for them in case of illness while on duties. Besides, in the FY 2021-2022, various activities were undertaken by EPB to combat COVID-19 disease which may include keeping the work environment clean by spraying disinfectant on each floor of the office every day, displaying awareness building posters, banners and organizing meetings on how to prevent the spread of COVID-19 disease, ensuring 'No Mask No Service' and entry into the office through thermal check, and raising awareness about it, supplying adequate masks, hand sanitizers, hand gloves, liquid soap, encouraging disposing off official activities through e-Nothi system and organizing seminar, fair etc. through e-platform, discouraging presence of elderly and pregnant officials in the office, apart from sending information about EPB officials infected with COVID-19 disease to the Ministry of Commerce on regular/weekly basis etc.



Momento of DITF 2022 handed over to Honarable Minister Mr. Golam Dastagir Gazi (Birpratik) MP of Ministry of Textiles and Jute at the Closing Ceremony




Awarding Trophy and Certificate of DITF 2022 at the Closing Ceremony

## অর্থ ও হিসাব শাখা

### রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রশাসনিক তহবিল

২০২১-২০২২ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর অনুকূলে সরকারি অনুদান বাবদ ২৬,৪১,১০,০০০/- (ছাব্বিশ কোটি একচল্লিশ লক্ষ দশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থ হতে যানবাহন অনুদান বাবদ ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা বিয়োজন করে অবশিষ্ট ২৫,৪১,১০,০০০/- (পঁচিশ কোটি একচল্লিশ লক্ষ দশ হাজার) টাকা রপ্তানি উন্নয়ন ব্যুরোর অনুকূলে অবমুক্ত করা হয়। অবমুক্ত অর্থ ব্যুরোর প্রশাসনিক তহবিলের আওতায় কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, ভাতাদি, কন্টিনজেন্ট কর্মচারীদের মজুরী, অফিস ভাড়া, ডাক, টলিফোন ও ইন্টারনেট, হায়ারিং চার্জ (পরিবহন), ভ্রমন (স্থানীয়), স্টেশনারি, মেরামত ও রক্ষনাবেক্ষণ, জ্বালানি, বিদ্যুৎ,ওয়াসা, সম্মানী,পরিচ্ছন্নতা কর্মীদের মজুরী, নিরাপত্তা প্রহরীদের মজুরী, অটোমেশন হোস্টিং ও রক্ষনাবেক্ষণ, আসবাবপত্র ক্রয়, কম্পিউটার ও আনুষাঙ্গিক, কম্পিউটার নেটওয়ার্কিং এবং রপ্তানি উন্নয়ন ভবন নির্মাণে আনুষাঙ্গিক ব্যয় করা হয়েছে।

### রপ্তানি বাজার উন্নয়ন তহবিল

২০২১-২০২২ অর্থ বছরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর রপ্তানি বাজার উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের জন্য অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল কর্তৃক ব্যুরোর নিজস্ব তহবিল হতে ২৬,৫৭,১০,০০০/-

### Export Promotion Bureau Administrative Fund

An amount of Tk. 26,41,10,000/- (Twenty six crore forty one lac ten thousand) was allocated in favor of EPB as Government grant in the Fiscal Year 2021-2022. Out of the allocated amount Tk. 1,00,00,000/- (One crore) was deducted for vehicles purpose and the rest of the amount Tk. 25,41,10,000/- (Twenty five crore forty one lac ten thousand) had been released in favor of Export Promotion Bureau. The allocated grant amount, has been spent for the purpose of Officers & Staffs salaries, allowances, contingent staff wages, office rent, postage, telephone & internet, Hiring charge (Transport), travelling expenditure (local), stationery, repairs & maintenance, fuelexpenses, electricity, WASA bill, honorarium, office cleaners wages, hiring of security services, automation hosting & maintenance service, furniture, computer & accessories, computer networking and preparation expenses for construction Export Promotion House.

### Export Market Development Fund

In the fiscal Year 2021-2022 Tk. 26,57,10,000/- (Twenty six crore fifty seven lac ten thousand) was approved by the Monitoring Cell of the Ministry of



Visitors exploring Father of the Nation Bangabandhu at Bangabandhu Pavilion, DITF 2022

(ছাব্বিশ কোটি সাতান্ন লক্ষ দশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত তহবিলের আওতায় স্টেশনারি, প্রচার ও বিজ্ঞাপন, মুদ্রণ ও প্রকাশনা, আপ্যায়ন, উপহার সামগ্রী, মেরামত ও রক্ষণাবেক্ষণ, জ্বালানি ব্যয়, সেমিনার ও ওয়ার্কসপ, জাতীয় রপ্তানি ট্রফি বিতরণ, বিদেশে প্রদর্শণী কেন্দ্র রক্ষণাবেক্ষন, বাণিজ্য প্রতিনিধি/বাজার গবেষণা ও মিশন প্রেরণ/গ্রহণ, বিদেশে আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ, সিআইপি, ওয়েব পোর্টাল/ওয়েবসাইট/ই-গভর্নেন্স, প্রশিক্ষণ, গবেষণা ও বাজার জরিপ, রপ্তানি পণ্যের উন্নয়ন, উৎসব ও অনুষ্ঠানাদি বাবদ ১৫,৪৫,৪৫,০০০/-(পনের কোটি পঁয়তাল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে।

Finance for spending from the EPB's own fund to implement market development programs. Out of this fund and amount totaling Tk.15,45,45,000/- (Fifteen crore forty five lac forty five thousand) had been spent to meet the expenses for stationery, publicity & advertisement, printing and publication, entertainment, gift items, repairing & maintenance, fuel cost, seminar & workshop, National Export Trophy, display center maintenance in abroad, sending of trade delegation exploration of market, expense for CIP, web portal/website/e-governance, training, research & market survey, development of exportable products and festival/ceremony.



Partial view of Mujib Corner at EPB Head Office

## আই সি টি সেল

রপ্তানি আয়ের শতভাগ পরিসংখ্যান প্রতি মাসে ব্যুরোর তথ্য বাতায়নে পরিসংখ্যান মেনুতে তথ্য হালনাগাদ করা হচ্ছে।

## ICT Cell

Export statistics are updated every month in the Statistics menu of the Bureau's website.




Seminar under the Innovation program of EPB

EU Guideline অনুযায়ী Competent Authority কর্তৃক রপ্তানিকারকদের নিবন্ধন, রপ্তানি চালানের তথ্য ৫(পাঁচ) বছর ইপিবিতে সংরক্ষণ এবং রপ্তানিকারকের SoO (Statement on Origin) ঘোষণা ইপিবি কর্তৃক প্রয়োজনে verify করতে হয়। এ পরিপ্রেক্ষিতে রপ্তানিকারক প্রতিষ্ঠানের প্রতিটি রপ্তানি চালানের Shipping Bill, Export Permission (ইএক্সপি), প্রতিষ্ঠানের ইস্যুকৃত SoO, Bill of Lading ও অন্যান্য তথ্যসমূহ যাচাই ও সেবা সহজিকরনের লক্ষ্যে ইপিবি এক্সপোর্ট ট্র্যাকার ও ডাটা ম্যাচিং সফটওয়্যার প্রণয়ন ও বাস্তবায়ন করেছে।

According to the EU Guideline, information on registration of exporters and consignment information are to be preserved by the EPB as Competant Authority for 5 (five) years. Moreover, declaration of exporter's SoO (Statement on Origin) should be verified by EPB if necessary. In this context, EPB has implemented the Registered Exporter (REX) System and Data matching Software to facilitate the verification of exporters Shipping Bill, Export Permission (EXP), SoO issued by the company, Bill of Lading and other information.



EPB officials visiting local bicyle manufacturing industry to see the perfomance using 4th Indutirial Revulation concept

দাপ্তরিক কাজ ইলেকট্রনিক পদ্ধতিতে সম্পন্ন করার জন্য ব্যুরোর প্রধান কার্যালয়ে ১০০ mbps এর ব্রডব্যান্ড এবং wi-fi এর সুবিধা ব্যবস্থা রয়েছে। ২টি লাইন একটি অপরটির বিকল্প হিসাবে ব্যবহার করা হয়। ব্যুরোতে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা অব্যাহত রয়েছে।

Bureau has been 100 mbps broadband and wi-fi facility in the head office to complete the official work electronically. Two lines are used interchangeably. Uninterrupted internet service continues in the Bureau.

ব্যুরোর নিজস্ব আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে বাংলাদেশ ব্যাংকের প্রস্তুতকৃত এ্যাপ্লিকেশন ব্যবহার করে EXP সম্পর্কিত তথ্য যাচাই বাছাই সম্পন্ন করা হয়।

The verification of EXP information is done using the application of Bangladesh Bank via the Bureau's ID and password.

Bill of Ladding এর তথ্যসমূহ যাচাই বাছাই এর জন্য জাতীয় রাজস্ব বোর্ড এর এ্যাপ্লিকেশন ব্যবহার করা হচ্ছে।

The verification of the information of the Bill of Ladding is done using the application of the Bangladesh National Revenue Board.

ব্যুরোর উদ্ভাবনী টিম ৪র্থ শিল্প বিপ্লবের মোকাবেলার জন্য বিভিন্ন সেমিনার, কর্মশালা আয়োজন করেছে। প্রাণ আরএফএল গ্রুপের বাইসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানের উদ্ভাবনী ধারনা পরিদর্শন করা হয়।

The Bureau's innovation team has organized various seminars, workshops to address the 4th Industrial Revolution. The innovative ideas of the RFL group of bicycle manufacturing companies were visited by EPB.

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আইসিটি পণ্য ও সেবা'কে ২০২২ সালের জন্য বর্ষ পণ্য ঘোষণা করেছেন। আইসিটি শিল্পের প্রচার ও সাফল্য অর্জনে বিভিন্ন ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে।

Hon'ble Prime Minister Sheikh Hasina declared ICT products and services' as the product of the year for 2022. Different types of initiatives have been taken for promoting and achieving success of ICT industry.



## বস্ত্র বিভাগ

রপ্তানি উন্নয়ন ব্যুরোর বস্ত্র বিভাগ বাংলাদেশ হতে তৈরি পোষাক ও অন্যান্য বস্ত্র সামগ্রী রপ্তানির ক্ষেত্রে নিয়মিত বিভিন্ন সেবা প্রদান করে যাচ্ছে। ২০২১-২০২২ অর্থবছরে ১২৪টি নতুন তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান করা হয়। একই সময়ে মোট ১,৮৯৬টি প্রতিষ্ঠানের নিবন্ধন নবায়ন করা হয়েছে। এ পর্যন্ত রপ্তানি উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত প্রতিষ্ঠানের সংখ্যা ৬,৯২৭টি।

২০২১-২০২২ অর্থবছরে তৈরি পোশাক রপ্তানির বিপরীতে বস্ত্র বিভাগ হতে নিউজিল্যান্ড, জাপান, ইউক্রেন, রাশিয়া, বেলারুশ, আইসল্যান্ড, কানাডা ও অস্ট্রেলিয়ায় মোট ৬২,৭৪০টি জিএসপি এবং রিপাবলিক অব কোরিয়া, চীন, চিলি ও আপটাভুক্ত দেশসমূহে রপ্তানির ক্ষেত্রে ৪০,৪৪১টি সার্টিফিকেট অব অরিজিন, ভারত, শ্রীলংকা ও পাকিস্তানে রপ্তানির ক্ষেত্রে ৩১,৭৮১টি সাফটা এবং মেক্সিকোর অনুকূলে ৯১টি এনেক্স-III সনদ ইস্যু করা হয়েছে।

ইউরোপিয় ইউনিয়ন এর প্রচলিত জিএসপি স্কিমের আওতায় ইউরোপিয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ও সুইজারল্যান্ড, নরওয়ে ও তুরস্কে শুল্কমুক্ত রপ্তানির ক্ষেত্রে পদ্ধতিগত পরিবর্তন আনয়ন করা হয়েছে। পরিবর্তিত পদ্ধতিতে রপ্তানিকারী প্রতিষ্ঠান তাঁর রপ্তানিকৃত পণ্যের জন্য নিজেই কান্ট্রি অব অরিজিন সনদ (SoO) জারি করে। এ জন্য প্রতিটি রপ্তানিকারিকে ইউরোপিয় ইউনিয়নের ডাটা-বেইজ এ নিবন্ধিত হতে হবে যা Registered Exporter বা REX নামে পরিচিত।

উল্লেখ্য, REX এ নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহ কেবলমাত্র তাদের রপ্তানিকৃত পণ্যের সনদ জারী করতে পারবে যা Statement on Origin (SoO) হিসাবে পরিচিত। এ ব্যবস্থায়, বাংলাদেশী রপ্তানিকারক প্রতিষ্ঠানের REX নিবন্ধন প্রক্রিয়া বিগত ২১ জুলাই ২০১৯ তারিখ থেকে শুরু হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে বস্ত্রখাতের

১৯৪টি রপ্তানিকারক প্রতিষ্ঠানের REX নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এ পর্যন্ত বস্ত্র খাতে ২,৫৪১টি গার্মেন্টস প্রতিষ্ঠান REX registration ভুক্ত হয়েছে।

## Textile Division

The Textile Division of Export Promotion Bureau is providing various services to the Readymade Garments Manufactures and other textile products exporter from Bangladesh regularly. During fiscal year 2021-2022 a total of 124 new garments factories have been enrolled with EPB and 1,896 factories have got their enrollments renewed during the same period. At present the total number of enrolled garments factories with EPB are 6,927.

During FY 2021-2022 a total of 62,740 GSP Certificates were issued against the export of textile products to the NewZealand, Japan, Ukraine, Russia, Belarus, Iceland, Canada and Australia and a total of 40,441 Certificate of Origin (C.O) were issued for the export of Textile Products to Republic of Korea, China, Chile and APTA member countries. A total number of 31,781 SAFTA Certificates of Origin (C.O) and 91 Annex-III were issued for SAARC countries (India, Sri Lanka, Pakistan) and Mexico respectively.

Under the existing GSP Scheme of European Union a procedural change has been brought about in the field of duty free export to European Countries, Switzerland, Norway and Turkey. Under the changed system an exporting company itself issue a country of Origin (SoO) for its exported goods. For this reason, each exporter has to be registered in the data base of European Union which is known as Registered Exporter or REX.

It may be mentioned that only the registered Exporter (REX) can issue the certificate which is called the Statement on Origin (SoO) for their exported goods. REX registration process for Bangladeshi exporting companies has been started on

21st July, 2019. During Fiscal year 2021-2022 Rex registered garments factories are 194. At Present total number of Registered Exporter (REX) Garments factories are 2,541.



Signing agreement session among the Export Promotion Bureau (EPB), the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), and the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association to develop the professional skills of ready-made garment (RMG) workers.

# বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার
## Bangagandhu Bangladesh-China Friendship Exhibition Center




বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারটিতে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২২ সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। উক্ত এক্সিবিশন সেন্টারটিকে আন্তর্জাতিক ও সম্পূর্ণ প্রকৃতির রূপদানের জন্য আধুনিক সুযোগ-সুবিধা বিশিষ্ট আরও নতুন অবকাঠামো নির্মাণ ও স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ লক্ষ্যে উক্ত প্রকল্পের মেয়াদ বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক বৃদ্ধি করা হয়েছে। নির্মিতব্য নতুন অবকাঠামোসমূহের মধ্যে আছে আরও নতুন এক্সিবিশন হল, প্রায় ২,০০০ গাড়ী পার্কিংয়ের জন্য নতুন পার্কিং অবকাঠামো, বড় আকারের অডিটরিয়াম, আবাসিক হোটেল, ডরমিটরী, ওয়্যারহাউজ নির্মাণ প্রভৃতি। নতুন অবকাঠামোসমূহের প্ল্যান ও ডিজাইন প্রণয়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনসহ অন্যান্য প্রস্তুতিমূলক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া এক্সিবিশন সেন্টারের সৌন্দর্য ও নিরাপত্তা বৃদ্ধির জন্য প্রধান প্রবেশ গেইট পুনঃনির্মাণ, বাউন্ডারি ওয়াল উঁচুকরণ, ল্যান্ডস্কেপিং সম্পাদন প্রভৃতি বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। সেন্টারে গত বারের ন্যায় ডিআইটিএফ-২০২৩ সফলভাবে আয়োজনের কাজও অব্যাহত আছে।

### সেন্টারের সুবিধাসমূহ ঃ

সেন্টারে তৈরী মোট ফ্লোর স্পেসঃ ৩৩,০০০ বর্গ মিটার এক্সিবিশন বিল্ডিংয়ের মোট ফ্লোর স্পেস ২৪,৩৭০ বর্গ মিটার, এক্সিবিশন হলের মোট আয়তন ১৫,৪১৮ বর্গ মিটার, দোতলা পার্কিং বিল্ডিংয়ের মোট পার্কিং স্পেস ৭,৯১২ বর্গ মিটার, এক্সিবিশন হলে মোট স্টল/বুথ সংখ্যা ৮০০টি, প্রতিটি বুথের আয়তন ৯.৬৭ বর্গ মিটার। এ ছাড়াও রয়েছে: (১) ৪৭৩ আসন বিশিষ্ট ১টি মাল্টি ফাংশনাল হল (২) ৫০ আসন বিশিষ্ট একটি কনফারেন্স রুম (৩) ০৬টি নেগোশিয়েশন/মিটিং রুম (৪) ৫০০ আসন বিশিষ্ট ক্যাফেটেরিয়া/রেস্টুরেন্ট (৫) শিশুদের খেলার স্পেস (৬) নামাজের কক্ষ (৭) অফিস রুম ০২টি (৮) মেডিকেল রুম (৯) ডরমিটরী/গেষ্ট রুম (১০) ১৪১টি টয়লেট (১১) বিল্ট ইন পাবলিক এড্রেস সিস্টেম (১২) নিজস্ব ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট (১৩) স্টোর রুম (১৪) সিসিটিভি কন্ট্রোল রুম (১৫) অটোমেটেড সেন্ট্রাল এসি সিস্টেম (১৬) ইনবিল্ট ইন্টারনেট/ওয়াই-ফাই (১৭) আধুনিক অগ্নি নির্বাপন ব্যবস্থা (১৮) আলাদা রেজিস্টেশন হল (১৯) আধুনিক ফোয়ারা (২০) ইন বিল্ট পতাকা স্ট্যান্ড (২১) রিমোট কন্ট্রোল্ড/ইলেকট্রনিক প্রবেশ গেইট (২২) জেনারেটর ইত্যাদি।

